DHAKA PROBE

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF) তৈরি: 20 Nov 2026, 10:27 PM

সারাদেশ

আশুগঞ্জে ১ লাখ ৪৪ হাজার বিদেশি সিগারেটসহ তিন চোরাকারবারি গ্রেপ্তার

প্রতিবেদক: ব্রাহ্মণবাড়িয়া প্রতিনিধি

প্রকাশের তারিখ: রোববার, ৩০ আগস্ট ২০২৬, ০৫:২৩ PM



ব্রাহ্মণবাড়িয়ার আশুগঞ্জে বিপুল পরিমাণ বিদেশি সিগারেট ও একটি সিএনজিচালিত অটোরিকশাসহ তিন চোরাকারবারিকে গ্রেপ্তার করেছে পুলিশ।

পুলিশ জানায়, শনিবার বিকেল ৫টা ৫০ মিনিটে গোপন সংবাদের ভিত্তিতে উপজেলার দুর্গাপুর ইউনিয়নের সোহাগপুর এলাকায় অভিযান চালায় আশুগঞ্জ থানার একটি বিশেষ দল।

এ সময় একটি সিএনজিচালিত অটোরিকশা থামিয়ে তল্লাশি চালানো হয়। পরে সেখান থেকে শুল্ক ফাঁকি দিয়ে অবৈধভাবে আনা ১ লাখ ৪৪ হাজার শলাকা বিদেশি প্যাট্রন সিগারেট উদ্ধার করা হয়। এ ঘটনায় তিনজনকে গ্রেপ্তার করা হয়েছে।

গ্রেপ্তার ব্যক্তিরা হলেন নরসিংদীর শিবপুরের বংশীদিয়া এলাকার হাবিব মিয়ার ছেলে হিমেল মিয়া, পলাশের ফুলবাড়িয়া এলাকার মৃত জাকির

হোসেন গাজীর ছেলে রাইসুল এবং ব্রাহ্মণবাড়িয়ার নাসিরনগরের মৃত আলফু মিয়ার ছেলে আব্দুল আওয়াল।

জেলা পুলিশ এক সংবাদ বিজ্ঞপ্তিতে জানায়, এ ঘটনায় আশুগঞ্জ থানায় নিয়মিত মামলা করা হয়েছে।

পুলিশ বলছে, শুল্ক ফাঁকি দিয়ে অবৈধভাবে আনা বিদেশি সিগারেটের চোরাচালান বন্ধে তাদের অভিযান অব্যাহত থাকবে।

এ বিভাগের আরও খবর



কসবায় ট্রাকের চাপায় মোটরসাইকেল আরোহী নিহত, আহত ১
ব্রাহ্মণবাড়িয়ার কসবায় ট্রাকের চাপায় মো. আলমগীর (৪৫) নামের এক মোটরসাইকেল আরোহী নিহত হয়েছেন। এ ঘটনায় তাঁর সঙ্গে থাকা আরেক আরোহী মো. সাহাদাৎ গু...



ঝালকাঠিতে দুই বাসের মুখোমুখি সংঘর্ষে হেলপার নিহত, আহত ২০
বরিশাল-কুয়াকাটা মহাসড়কের ঝালকাঠির নলছিটি উপজেলার দপদপিয়া এলাকায় দুটি বাসের মুখোমুখি সংঘর্ষে এক বাসের হেলপার নিহত হয়েছেন। এ ঘটনায় দুই বাসের অ...



নিখোঁজের ৪৮ ঘণ্টা পর কুয়াকাটা সৈকতে মিলল বিচারক ফারহান নাদীমের সন্ধান
নিখোঁজের প্রায় ৪৮ ঘণ্টা পর পটুয়াখালীর কুয়াকাটা সমুদ্রসৈকত থেকে বরিশাল জেলা ও দায়রা জজ আদালতের সিনিয়র সহকারী জজ শেখ ফারহান নাদীমকে উদ্ধার করে...



বিশ্বম্ভরপুরে ১ লাখ ২৫ হাজার ভারতীয় বিড়ি উদ্ধার, গ্রেপ্তার ৫

সুনামগঞ্জের বিশ্বম্ভরপুরে পৃথক দুটি অভিযান চালিয়ে ১ লাখ ২৫ হাজার ৯৫০টি ভারতীয় বিড়ি ও চারটি মোটরসাইকেল জব্দ করেছে স্পেশাল রেসপন্স ব্যাটালিয়ন...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://dhakaprobe.com/saradesh/ashugnje-1-lakh-44-hajar-bideshi-sigaretsh-tin-chorakarbari-greptar